# সংকলিতা

Allymedors

দ্বিতীয় ভাগ



200

সংকলিত|

3304

রবীন্দ্রনাথ ঠাকুর



দ্বিতীয় ভাগ

বিশ্বভারতী গ্রন্থনবিভাগ কলিকাতা



#### প্রকাশকের নিবেদন

সংকলিতা প্রথম ও দ্বিতীয় ভাগ প্রকাশিত হইল। বাংলা ১২৯৩ সালে রবীন্দ্রনাথের 'কড়িও কোমল' কার্য প্রকাশিত হয়, আর 'ছড়ার ছবি'র প্রকাশকাল ১৩৪৪ সাল— প্রায় অর্ধ শতাব্দের ব্যবধান। এই স্থদীর্ঘ সময়ে বিষয়বস্তুতে ভাবে ভাষায় ছন্দে কবির রচনায় যে প্রাচ্ছ্য ও যে বৈচিত্র্য প্রকট হইয়াছে তাহার বহু নিদর্শন এই ত্থানি সংকলনে একত্র পাওয়া যাইবে; স্কুক্মারমতি বালক-বালিকাদের ভাষাজ্ঞান ও বিষয়জ্ঞানের উপযোগী হয়, যুগপৎ আনন্দলাভ ও শিক্ষালাভ হয়, এ লক্ষ্য সর্বদাই সম্মুধে রাখা হইয়াছে। ইতি পৌষ ১৩৬১

প্রকাশ: পৌষ ১৩৬১

পুনর্ম্দ্রণ: ১০৬০, ১০৬৫, ১০৬৬, ১০৬৭, ১০৬৮, ১০৬৯ ১০৭০, ১০৭১, ১০৭২, ১০৭৩, ১০৭৪, ১০৭৫ অগ্রহারণ ১০৭৬ : ১৮৯১ শক

C.E.R.T., West Henga, © विश्वणंत्रजी зача 119. 12-7-85 00. No. 3304 «Ивсу


> প্রকাশক বিশ্বভারতী গ্রন্থনবিভাগ ৫ দ্বারকানাথ ঠাকুর লেন। কলিকাতা ৭

মূদ্রক শ্রীজয়ন্ত বাক্চি
পি এম বাক্চি অ্যাও কোম্পানি প্রাইভেট লিমিটেড
১৯ গুলু ওস্তাগর লেন। কলিকাতা ৬

## সূচীপত্র

	পৃষ্ঠাক
নববর্ষের গান	¢
নির্ঝরের স্বপ্নভঙ্গ	8
কৰ্ম	۵
পুরাতন ভূত্য	20
পণরক্ষা	20
স্পাৰ্শমণি	20
ভক্তিভাজন	59
মস্তকবিক্রয়	2F
পরের কর্ম-বিচার	२०
আযাঢ়	२ऽ
<b>उन्नर्यः यन्न मीय़</b> र्	२२
শ্বৎ	२७
ফাল্গুন	₹€
মাধবী	26
- ঈর্ষার সন্দেহ	२१
যোগীনদা	२৮
ভিক্ষা ও উপার্জন	೨
নিক্ষল উপহার	•8
সামাত্য ক্ষতি	৩৭

	পৃষ্ঠাক
ভোরের পাখি	80
প্রতিনিধি	8৬.
বৈরাগ্য	65
* বঙ্গজননী	(१
* * ভারতলক্ষ্মী	৫৩
মায়ের সন্মান	<b>48</b> :
<u> </u>	৬৪.



- \* এই কবিতার, চতুর্থ স্তবকের পঞ্চম ছত্ত্রে এবং অক্তান্তা স্তবকের তৃতীয় ছত্ত্রে 'মা' শব্দের একটু টানা উচ্চারণ, অর্থাৎ স্বরের দীর্ঘ উচ্চারণ হওয়া দরকার।
- \* \* ইহাতে হ্রন্থ দীর্ঘ স্বরের প্রভেদে উচ্চারণের প্রভেদ আছে, যেমন সংস্কৃত ভাষায় হইয়া থাকে। কিন্তু, সর্বত্র সেরূপ হয় নাই। আসলে রচনাটি গান বলিয়া, সুরে তালে গীত হইলে ইহার ছন্দোদোলের সম্যুক্ বোধা হইয়া থাকে।

## নববর্ষের গান

হে ভারত, আজি নবীনবর্ষে শুন এ কবির গান।
তোমার চরণে নবীন হর্ষে এনেছি পূজার দান।
এনেছি মোদের দেহের শকতি,
এনেছি মোদের ধর্মের মতি, এনেছি মোদের প্রাণ—
এনেছি মোদের শ্রেষ্ঠ অহ্যা তোমারে করিতে দান।

কাঞ্চনথালি নাহি আমাদের, অন্ধ নাহিকো জুটে।

যা আছে মোদের এনেছি সাজায়ে নবীন পর্ণপুটে।

সমারোহে আজ নাই প্রয়োজন,

দীনের এ পূজা, দীন আয়োজন—

চিরদারিদ্র্য করিব মোচন চরণের ধুলা লুটে।

স্থুরতুর্লভ তোমার প্রসাদ লইব পর্ণপুটে।

রাজা তুমি নহ, হে মহাতাপস, তুমিই প্রাণের প্রিয়। ভিক্ষাভূষণ ফেলিয়া পরিব তোমারি উত্তরীয়। দৈন্যের মাঝে আছে তব ধন,
মোনের মাঝে রয়েছে গোপন
তোমার মন্ত্র শহ্যাবেচন— তাই আমাদের দিয়ো।
পরের শহ্যা ফেলিয়া পরিব তোমার উদ্ভরীয়।

দাও আমাদের অভয়মন্ত্র অশোকমন্ত্র তব।
দাও আমাদের অমৃতমন্ত্র দাও গো জীবন নব।
যে জীবন ছিল তব তপোবনে
যে জীবন ছিল তব রাজাসনে
মুক্ত দীপ্ত সে মহাজীবনে চিন্তু ভরিয়া লব।
মৃত্যুতরণ শঙ্কাহরণ দাও সে মন্ত্র তব।

নির্বারের স্বপ্নভঙ্গ

আজি এ প্রভাতে রবির কর

কেমনে পশিল প্রাণের 'পর,

কেমনে পশিল গুহার আঁধারে প্রভাতপাখির গান।

না জানি কেন রে এত দিন পরে জাগিয়া উঠিল প্রাণ।

জাগিয়া উঠেছে প্রাণ,

ওরে উথলি উঠেছে বারি,

থর থর করি কাঁপিছে ভূধর
শিলা রাশি রাশি পড়িছে খসে,
ফুলিয়া ফুলিয়া ফেনিল সলিল
গরজি উঠিছে দারুণ রোঘে!
হেখায় হোথায় পাগলের প্রায়
ঘুরিয়া ঘুরিয়া মাতিয়া বেড়ায়—
বাহিরিতে চায়, দেখিতে না পায় কোথায় কারার দ্বার।

কেন রে বিধাতা পাষাণ হেন,
চারি দিকে তার বাঁধন কেন,
ভাঙ্ রে হৃদয়, ভাঙ্ রে বাঁধন,
সাধ্ রে আজিকে প্রাণের সাধন,
লহরীর 'পরে লহরী তুলিয়া
আঘাতের 'পরে আঘাত কর্।
মাতিয়া যখন উঠেছে পরান
কিসের আধার, কিসের পাষাণ!
উথলি যখন উঠেছে বাসনা
জগতে তখন কিসের ডর!

আমি ঢালিব করুণাধারা, আমি ভাঙিব পাষাণকারা, আমি জগৎ প্লাবিয়া বেড়াব গাহিয়া
আকুল পাগল-পারা।
কেশ এলাইয়া, ফুল কুড়াইয়া,
রামধনু-আঁকা পাখা উড়াইয়া,
রবির কিরণে হাসি ছড়াইয়া দিব রে পরাণ ঢালি।
শিখর হইতে শিখরে ছুটিব,
ভূধর হইতে ভূধরে লুটিব,
হেসে খলখল গেয়ে কলকল তালে তালে দিব তালি!
এত কথা আছে, এত গান আছে, এত প্রাণ আছে মোর,
এত স্থুখ আছে, এত সাধ আছে— প্রাণ হয়ে আছে ভোর।

কী জানি কী হল আজি, জাগিয়া উঠিল প্রাণ।
দূর হতে শুনি যেন মহাসাগরের গান।
ওরে চারি দিকে মোর
একি কারাগার ঘোর!
ভাঙ্ ভাঙ্ ভাঙ্ কারা, আঘাতে আঘাত কর্।
ওরে আজ কী গান গেয়েছে পাখি,
এসেছে রবির কর!

#### কৰ্ম

ভূত্যের না পাই দেখা প্রাতে। তুয়ার রয়েছে খোলা, সানজল নাহি ভোলা, মুর্খাধম আসে নাই রাতে। মোর ধৌত বদ্রখানি কোথা আছে নাহি জানি, কোথা আহারের আয়োজন! বাজিয়া যেতেছে ঘড়ি, বসে আছি রাগ করি, দেখা পেলে করিব শাসন। বেলা হলে অবশেষে প্রণাম করিল এসে, দাঁডাইল করি করজোড়। আমি তারে রোষভরে কহিলাম, 'দূর হ রে, দেখিতে চাহি না মূখ তোর।' ক্ষণকাল বাক্যহত শুনিয়া মূঢ়ের মতো মুখে মোর রহিল সে চেয়ে— কহিল গদ্গদস্ববে, 'কালি রাত্রি দ্বিপ্রহরে মারা গেছে মোর ছোটো মেয়ে।' এত কহি ত্বরা করি সামোছাটি কাঁধে ধরি নিত্য কাজে গেল সে একাকী। প্রতি দিবসের মতো ঘষামাজা মোছা কত কোনো কর্ম রহিল না বাকি।

## পুরাতন ভূত্য

ভূতের মতন চেহারা যেমন, নির্বোধ অতি ঘোর—
যা-কিছু হারায় গিন্নি বলেন, 'কেন্টা বেটাই চোর।'
উঠিতে বসিতে করি বাপান্ত, শুনেও শোনে না কানে।
যত পায় বেত না পায় বেতন, তবু না চেতন মানে!
বড়ো প্রয়োজন, ডাকি প্রাণপণ চীৎকার করি 'কেন্টা'—
যত করি তাড়া নাহি পাই সাড়া, খুঁজে ফিরি সারা দেশটা।
তিনখানা দিলে একখানা রাখে, বাকি কোথা নাহি জানে;
একখানা দিলে নিমেষ ফেলিতে তিনখানা করে আনে।
যেখানে সেখানে দিবসে তুপুরে নিদ্রাটি আছে সাধা।
মহাকলরবে গালি দেই যবে 'পাজি হতভাগা, গাধা'—
দরজার পাশে দাঁড়িয়ে সে হাসে, দেখে জলে যায় পিত্ত,
তবু মায়া তার ত্যাগ করা ভার— বড়ো পুরাতন ভৃত্য।

ঘরের কর্ত্রী রুক্ষমূর্তি বলে, 'আর পারি নাকো, রহিল তোমার এ ঘর-চুয়ার, কেন্টারে লয়ে থাকো। না মানে শাসন; বসন বাসন অশন আসন যত কোথায় কী গেল, শুধু টাকাগুলো যেতেছে জলের মতো। গেলে সে বাজার সারা দিনে আর দেখা পাওয়া তার ভার— করিলে চেন্টা কেন্টা ছাড়া কি ভৃত্য মেলে না আর ?' শুনে মহা রেগে ছুটে যাই বেগে, আনি তার টিকি ধরে;
বলি তারে 'পাজি, বেরো তুই আজই, দূর করে দিনু তোরে।'
ধীরে চলে বায়, ভাবি গেল দায়; পরদিনে উঠে দেখি,
হুঁকাটি বাড়ায়ে রয়েছে দাঁড়ায়ে বেটা বুদ্ধির ঢেঁকি—
প্রসন্ন মুখ, নাহি কোনো তুখ, অতি অকাতর চিন্ত।
ছাড়ালে না ছাড়ে, কী করিব তারে— মোর পুরাতন ভূতা।

সে বছরে ফাঁকা পেনু কিছু টাকা করিয়া দালালগিরি।
করিলাম মন, শ্রীবৃন্দাবন বারেক আসিব ফিরি।
পরিবার তায় সাথে যেতে চায়, বুঝায়ে বলিনু তারে—
পতির পুণা সতীর পুণা, নহিলে থরচ বাড়ে।
লয়ে রশারশি করি কষাকষি পোঁটলাপুঁটলি বাঁধি
বলয় বাজায়ে বাক্স সাজায়ে গৃহিণী কহিল কাঁদি,
'পরদেশে গিয়ে কেফারে নিয়ে কফ্ট অনেক পাবে।'
আমি কহিলাম, 'আরে রাম রাম! নিবারণ সাথে যাবে।'
রেলগাড়ি ধায়; হেরিলাম হায় নামিয়া বর্ধমানে—
কৃষ্ণকান্ত অতি প্রশান্ত, তামাক সাজিয়া আনে!
স্পর্ধা তাহার হেন্মতে আর কত বা সহিব নিত্য!
যত তারে ত্বি তবু হুমু খুশি হেরি পুরাতন ভূত্য!

নামিনু শ্রীধামে— দক্ষিণে বামে পিছনে সমূখে যত লাগিল পাণ্ডা, নিমেষে প্রাণটা করিল কণ্ঠাগত ; জন-ছয় সাতে মিলি একসাথে পরম বকুভাবে
করিলাম বাসা; মনে হল আশা আরামে দিবস যাবে।
কোথা ব্রজ্বালা, কোথা বনমালা, কোথা বনমালী হরি!
কোথা হা হস্ত, চিরবসন্ত ! আমি বসন্তে মরি!
বক্ষু যে যতো স্বপ্নের মতো বাসা ছেড়ে দিল ভঙ্গ।
আমি একা ঘরে, ব্যাধিখরশরে ভরিল সকল অঙ্গ।
ডাকি নিশিদিন সকরুণ ক্ষীণ, 'কেইট, আয় রে কাছে।
এতদিনে শেষে আসিয়া বিদেশে প্রাণ বুঝি নাহি বাঁচে!'
হেরি তার মুখ ভ'রে ওঠে বুক, সে যেন পরম বিত্ত—
নিশিদিন ধ'রে দাঁড়ায়ে শিয়রে মার পুরাতন ভৃত্য।

মুখে দেয় জল, শুধায় কুশল, শিরে দেয় মোর হাত;
দাঁড়ায়ে নির্ম, চোখে নাই ধুম, মুখে নাই তার ভাত।
বলে বারবার, 'কর্তা, তোমার কোনো ভয় নাই, শুন—
যাবে দেশে ফিরে, মাঠাকুরানীরে দেখিতে পাইবে পুন।'
লভিয়া আরাম আমি উঠিলাম, তাহারে ধরিল জরে;
নিল সে আমার কালব্যাধিভার আপনার দেহ-'পরে।
হয়ে জ্ঞানহীন কাটিল ছু দিন, বন্ধ হইল নাড়ী—
এতবার তারে গেলু ছাড়াবারে; এতদিনে গেল ছাড়ি।
বহু দিন পরে আপনার ঘরে ফিরিনু সারিয়া তীর্থ;
আজ সাথে নেই চিরসাথি সেই মোর পুরাতন ভূতা।

#### পণরকা

'মারাঠা দস্থা আসিছে রে ওই, করো করো সবে সাজ' আজমীর গড়ে কহিলা হাঁকিয়া তুর্গেশ হুমরাজ। বেলা হু-প্রহরে যে যাহার ঘরে সেঁকিছে জোয়ারি রুটি, হুর্গতোরণে নাকাড়া বাজিতে বাহিরে আসিল ছুটি। প্রাকারে চড়িয়া দেখিল চাহিয়া দক্ষিণে বহু দূরে আকাশ জুড়িয়া উড়িয়াছে ধুলা মারাঠি অশ্বর্থুরে। 'মারাঠার যত পতঙ্গপাল কুপাণ-অনলে আজ বাঁপ দিয়া পড়ি ফিরে নাকো যেন' গর্জিলা হুমরাজ।

মাড়োয়ার হতে দৃত আসি বলে, বৃথা এ সৈশুসাজ। হেরো এ প্রভুর আদেশপত্র তুর্গেশ তুমরাজ!
সিন্দে আসিছে, সঙ্গে তাঁহার ফিরিঙ্গি সেনাপতি—
সাদরে তাঁদের ছাড়িবে তুর্গ আজ্ঞা তোমার প্রতি।
বিজয়লক্ষমী হয়েছে বিমুখ বিজয়সিংহ-'পরে।
বিনা সংগ্রামে আজমীর গড় দিবে মারাঠার করে;
'প্রভুর আদেশে বীরের ধর্মে বিরোধ বাধিল আজ'
নিশ্বাস ফেলি কহিলা কাতরে তুর্গেশ তুমরাজ।

মাড়োয়ার-দূত করিল ঘোষণা, 'ছাড়ো ছাড়ো রণসাজ।' রহিল পাষাণ মুরতি-সমান তুর্গেশ তুমরাজ। বেলা যায় যায়, ধূ ধূ করে মাঠ, দূরে দূরে চরে ধেনু—
তরুতলছায়ে সকরুণ রবে বাজে রাখালের বেণু।
'আজমীর গড় দিলা যবে মোরে পণ করিলাম মনে
প্রভুর তুর্গ শক্রর করে ছাড়িব না এ জীবনে।
প্রভুর আদেশে সে সত্য হায় ভাঙিতে হবে কি আজ!'
এতেক ভাবিয়া ফেলে নিশাস তুর্গেশ তুমরাজ।

রাজপুত সেনা সরোষে শরমে ছাড়িল সমর-সাজ;
নীরবে দাঁড়ায়ে রহিল তোরণে তুর্গেশ তুমরাজ।
গেরুয়া-বসনা সন্ধ্যা নামিল পশ্চিম-মাঠ-পারে;
মারাঠি সৈত্য ধুলা উড়াইয়া থামিল তুর্গদারে।
'তুয়ারের কাছে কে ঐ শয়ান প ওঠো ওঠো, থোলো দার'—
নাহি শোনে কেহ প্রাণহীন দেহ সাড়া নাহি দিল আর।
প্রভুর কর্মে বীরের ধর্মে বিরোধ মিটাতে আজ
তুর্গত্নয়ারে ত্যজিয়াছে প্রাণ তুর্গেশ তুমরাজ।

#### স্প্ৰমণি

নদীতীরে বৃন্দাবনে সনাতন একমনে জপিছেন নাম. হেনকালে দীনবেশে ব্রাহ্মণ চরণে এসে কবিল প্রণাম। শুধালেন সনাতন, 'কোথা হতে আগমন, কী নাম ঠাকুর ?' বিপ্র কহে, 'কিবা কব, পেয়েছি দর্শন তব ' ভ্রমি বহু দুর। জীবন আমার নাম, মানকরে মোর ধাম, জিলা বর্ধমানে: এত বড়ো ভাগ্যহত দীনহীন মোর মতো নাই কোনোখানে। জমিজমা আছে কিছু, করে আছি মাথা নিচু, অম্লফল পাই। ক্রিয়াকর্ম-যজ্ঞযাগে বহু খ্যাতি ছিল আগে. আজ কিছু নাই। আপন উন্নতি-লাগি শিব কাছে বর মাগি করি আরাধনা : একদিন নিশিভোরে স্বপ্নে দেব কন মোরে, পুরিবে প্রার্থনা—

ষাও যমুনার তীর, সনাতন গোস্বামীর ধরো ছটি পায়, তাঁরে পিতা বলি মেনো, তাঁরি হাতে আছে জেনো ধনের উপায়।'

শুনি কথা সনাতন ভাবিয়া আকুল হন, 'কী আছে আমার ?

যাহা ছিল সে সকলই ফেলিয়া এসেছি চলি, ভিক্ষামাত্র সার।'

সহসা বিশ্বৃতি ছুটে, সাধু ফুকারিয়া উঠে, 'ঠিক বটে ঠিক!

একদিন নদীতটে কুড়ায়ে প্রেছে বটে পরশ-মানিক।

যদি কভু লাগে দানে সেই ভেবে ওইখানে পুঁতেছি বালুতে ;

নিয়ে যাও হে ঠাকুর, ছুঃখ তব হবে দূর ছুঁতে নাহি ছুঁতে।

বিপ্র তাড়াতাড়ি আসি খুঁড়িয়া বালুকারাশি পাইল সে মণি ; লোহার মাড়লি ডুটি সোনা হয়ে উঠে ফুটি

**डूँ** इंग (यमनि ।

ব্রাহ্মণ বালুর 'পরে বিশ্বয়ে বসিয়া পড়ে—
ভাবে নিজে নিজে।

যমুনা কল্লোলগানে চিন্তিতের কানে কানে
কহে কত কী যে।
নদীপারে রক্তচ্ছবি দিনান্তের ক্লান্ত রবি
গেল অস্তাচলে;
তখন ব্রাহ্মণ উঠে সাধুর চরণে লুটে
কহে অশ্রুজনে,
'যে ধনে হইয়া ধনী মণিরে মানো না মণি

তাহারি খানিক
তাহারি খানিক
মাগি আমি নতশিরে।' এত বলি নদীনীরে
ফেলিল মানিক।

#### ভক্তিভাজন

রথযাত্রা লোকারণা, মহা ধুমধাম, ভক্তেরা লুটায়ে পথে করিছে প্রণাম। পথ ভাবে 'আমি দেব', রথ ভাবে 'আমি', মূতি ভাবে 'আমি দেব'— হাসে অন্তর্যামী।

#### মস্তক বিক্ৰয়

কোশলনৃপতির তুলনা নাই, জগৎ জুড়ি যশোগাথা— ক্ষীণের তিনি সদা শরণ-ঠাঁই, দীনের তিনি পিতামাতা।

সে কথা কাশীরাজ শুনিতে পেয়ে জ্বলিয়া মরে অভিমানে—
'আমার প্রজাগণ আমার চেয়ে তাহারে বড়ো করি মানে!
আমার হতে যার আসন নীচে তাহার দান হল বেশি!
ধর্ম দয়া মায়া সকলই মিছে, এ শুধু তার রেয়ারেষি।'
কহিলা, 'সেনাপতি, ধরো কুপাণ, সৈত্য করো সব জড়ো।
আমার চেয়ে হবে পুণ্যবান, স্পর্ধা বাড়িয়াছে বড়ো!'
চলিলা কাশীরাজ যুদ্ধসাজে— কোশলরাজ হারি রণে
রাজ্য ছাড়ি দিয়া কুক লাজে পলায়ে গেল দূর বনে।
কাশীর রাজা হাসি কহে তথন আপন সভাসদ্ মাঝে,
'ক্ষমতা আছে যার রাখিতে ধন তারেই দাতা হওয়া সাজে।'

সকলে কাঁদি বলে, 'দারুণ রাহ্ন এমন চাঁদেরেও হানে! লক্ষ্মী থোঁজে শুধু বলীর বাহু, চাহে না ধর্মের পানে!' 'আমরা হইলাম পিতৃহারা' কাঁদিয়া কহে দশ দিক,— 'সকল জগতের বন্ধু যাঁরা তাঁদের শত্রুরে ধিক্।' শুনিয়া কাশীরাজ উঠিল রাগি— 'নগরে কেন এত শোক?' আমি তো আছি, তবু কাহার লাগি কাঁদিয়া মরে যত লোক! আমার বাহুবলে হারিয়া তবু আমারে করিবে সে জয়!
অরির শেষ নাহি রাখিবে কভু, শান্ত্রে এইমতো কয়।
মন্ত্রী, রটি দাও নগর-মাঝে, ঘোষণা করো চারি ধারে—
যে ধরি আনি দিবে কোশলরাজে কনক শত দিব তারে।'
ফিরিয়া রাজদূত সকল বাটী রটনা করে দিন রাত।
যে শোনে আঁখি মুদি রসনা কাটি শিহরি কানে দেয় হাত।

রাজ্যহীন রাজা গহনে ফিরে মলিনচীর দীনবেশে—
পথিক একজন অশ্রুদনীরে একদা শুধাইল এসে,
'কোথা গো, বনবাসী, বনের শেষ ? কোশলে যাব কোন্ মুখে ?'
শুনিয়া রাজা কহে, 'অভাগা দেশ, সেথায় যাবে কোন্ তুখে ?'
পথিক কহে, 'আমি বণিক্ জাতি, ডুবিয়া গেছে মোর তরী,
এখন হারে হস্ত পাতি কেমনে রব প্রাণ ধরি!
করুণাপারাবার কোশলপতি, শুনেছি নাম চারি ধারে—
অনাথনাথ তিনি দীনের গতি, চলেছে দীন তাঁরি হারে।'
শুনিয়া নৃপস্থত ঈষৎ হেসে রুধিলা নয়নের বারি,
নীরবে ক্ষণকাল ভাবিয়া শেষে কহিলা নিশ্বাস ছাড়ি,
'পান্থ, যেথা তব বাসনা পুরে দেখায়ে দিব তারি পথ।
এসেছ বহু তুখে অনেক দূরে; সিদ্ধ হবে মনোরথ।'

বিসয়া কাশীরাজ সভার মাঝে; দাঁড়ালো জটাধারী এসে।
'হেথায় আগমন কিসের কাজে' নৃপতি শুধাইল হেসে।
'কোশলরাজ আমি বনভবন' কহিলা বনবাসী ধীরে—
'আমার ধরা পেলে যা দিবে পণ দেহো তা মোর সাথিটিরে।'
উঠিল চমিকিয়া সভার লোকে, নীরব হল গৃহতল;
বর্ম-আবরিত দ্বারীর চোখে অশ্রু করে ছলছল।
মৌন রহি রাজা ক্ষণেক-তরে হাসিয়া কহে, 'ওহে বন্দা,
মরিয়া হবে জয়ী আমার 'পরে এমনি করিয়াছ ফন্দি;
তোমার সে আশায় হানিব বাজ, জিনিব আজিকার রণে—
রাজ্য ফিরি দিব হে মহারাজ, হুদয় দিব তারি সনে।'

জীর্ণ-চীর-পরা বনবাসীরে বসালো নৃপ রাজাসনে, মুকুট তুলি দিল মলিন শিরে— 'ধহ্য' কহে পুরজনে।

## পরের কর্ম বিচার

নাক বলে, 'কান কভু ঘ্রাণ নাহি করে, রয়েছে কুণ্ডল চুটো পরিবার তরে।' কান বলে, 'কারো কথা নাহি শুনে নাক, যুমোবার বেলা শুধু ছাড়ে হাঁক-ডাক।'

#### আষাঢ়

নীল নবঘনে আষাঢ়গগনে
তিল ঠাঁই আর নাহি রে।
ওগো, আজ তোরা যাস নে ঘরের বাহিরে।
বাদলের ধারা ঝরে ঝরোঝরো,
আউশের ক্ষেত জলে ভরো-ভরো,
কালী মাথা মেঘে ও-পারে আধার
ঘনিয়েছে দেখু চাহি রে।
ওগো, আজ তোরা যাস নে ঘরের বাহিরে।

ওই ডাকে শোনো ধেনু ঘন ঘন,
ধবলীরে আনো গোহালে।
এখনি গাঁধার হবে বেলাটুকু পোহালে।
তুয়ারে দাঁড়ায়ে ওগো দেখ দেখি
মাঠে গেছে যারা তারা ফিরিছে কি।
রাখাল-বালক কা জানি কোথায়
সারাদিন আজি খোয়ালে।
এখনি আঁধার হবে বেলাটুকু পোহালে।

শোনো শোনো ওই পারে যাবে ব'লে কে ডাকিছে বুঝি মাঝিরে।

S.C.E.R.T., West Bengal D. 12 12 7 - 85

No. No. 3304



খেয়া-পারাপার বন্ধ হয়েছে আজি রে।
পুবে হাওয়া বয়, কূলে নেই কেউ,
ছ-কূল বাহিয়া উঠে পড়ে ঢেউ,
দরদর বেগে জলে পড়ি জল
ছলছল উঠে বাজি রে।
থেয়া-পারাপার বন্ধ হয়েছে আজি রে।

ওগো, আজ তোরা যাস নে গো তোরা যাস নে ঘরের বাহিরে। আকাশ আঁধার, বেলা বেশি আর নাহি রে। ঝরঝর ধারে ভিজিবে নিচোল, ঘাটে যেতে পথ হয়েছে পিছল, ঐ বেণুবন ছলে ঘন ঘন পথ পাশে দেখ্ চাহি রে। ওগো, আজ তোরা যাস নে ঘরের বাহিরে।

তন্নষ্টং যন্ন দীয়তে

গন্ধ চলে যায়, হায়, বন্ধ নাহি থাকে ;
ফুল তারে মাথা নাড়ি ফিরে ফিরে ডাকে।
বায়ু বলে, 'যাহা গেল সেই গন্ধ তব,
যেটুকু না দিবে তারে গন্ধ নাহি কব।'

আজি কী তোমার মধুর মুরতি হেরিনু শারদ প্রভাতে !
হৈ মাত বঙ্গ, শ্যামল অঙ্গ ঝলিছে অমল শোভাতে !
পারে না বহিতে নদী জলধার,
মাঠে মাঠে ধান ধরে নাকো আর—
ডাকিছে দোয়েল, গাহিছে কোয়েল তোমার কাননসভাতে ।
মাঝখানে তুমি দাঁড়ায়ে, জননী, শ্রৎকালের প্রভাতে ।

জননী, তোমার শুভ আহ্বান গিয়েছে নিখিল ভুবনে—
নৃতন ধান্যে হবে নবান্ন তোমার ভবনে ভবনে।
অবসর আর নাহিকো তোমার,
আঁটি গাঁটি ধান চলে ভারে ভার,
গ্রামপথে পথে গন্ধ তাহার ভরিয়া উঠিছে পবনে।
জননী, তোমার আহ্বানলিপি পাঠায়ে দিয়েছ ভুবনে।

তুলি মেঘভার আকাশ তোমার করেছ স্থনীলবরনি;
শিশির ছিটায়ে করেছ শীতল তোমার শ্যামল ধরণী।
স্থলে জলে আর গগনে গগনে
বাঁশি বাজে যেন মধুর লগনে,
আদে দলে দলে তব দ্বারতলে দিশি দিশি হতে তরণী!
আকাশ করেছ স্থনীল অমল, স্নিগ্নশীতল ধরণী!

বহিছে প্রথম শিশির সমীর ক্লান্ত শরীর জুড়ায়ে—
কুটিরে কুটিরে নব নব আশা নবান জীবন উড়ায়ে।
দিকে দিকে, মাতা, কত আয়োজন—
হাসিভরা-মুখ তব পরিজন
ভাণ্ডারে তব স্থখ নব নব মুঠা মুঠা লয় কুড়ায়ে।
ছুটেছে সমীর গাঁচলে তাহার নবীন জীবন উড়ায়ে।

আয় আয় আয়, আছ যে যেথায় আয় তোরা সবে ছুটিয়া—
ভাণ্ডারদ্বার খুলেছে জননী, অন্ন যেতেছে লুটিয়া।
ও পার হইতে আয় থেয়া দিয়ে,
ও পাড়া হইতে আয় মায়ে ঝিয়ে—
কে কাঁদে ক্লুধায় জননী শুধায়, আয় তোরা সবে জুটিয়া—
ভাণ্ডারদ্বার খুলেছে জননী, অন্ন যেতেছে লুটিয়া।

মাতার কপ্তে শেফালিমাল্য গন্ধে ভরিছে অবনী।
জলহারা মেঘ আঁচলে খচিত শুদ্র যেন সে নবনী।
পরেছে কিরীট কনককিরণে,
মধুর মহিমা হরিতে হিরণে,
কুস্থমভূষণজড়িত চরণে দাঁড়ায়েছে মোর জননী।
আলোকে শিশিরে কুস্থমে ধান্যে হাসিছে নিখিল অবনী।

#### ফাল্ভন

ফান্থনে বিকশিত কাঞ্চন ফুল, ডালে ডালে পুঞ্জিত আত্রমুকুল। চঞ্চল মৌমাছি গুঞ্জরি গায়, বেণুবনে মর্মরে দক্ষিণবায়। স্পন্দিত নদীজল ঝিলিমিলি করে. জ্যোৎস্নার ঝিকিমিকি বালুকার চরে। নৌকা ডাঙায় বাঁধা, কাণ্ডারী জাগে— পূর্ণিমারাত্রির মন্ততা লাগে। খেয়াঘাটে ওঠে গান অশ্বর্থতলে, পান্থ বাজায়ে বাঁশি আনমনে চলে। ধায় দে বংশীরব বহুদূর গাঁয়, জনহীন প্রান্তর পার হয়ে যায়। দূরে কোন্ শয্যায় একা কোন্ ছেলে বংশীর ধ্বনি শুনে ভাবে চোখ মেলে— যেন কোন্ যাত্রী সে, রাত্রি অগাধ. জ্যোৎস্না-সমূদ্রের তরী বেন চাঁদ। চলে যায় চাঁদে চ'ড়ে সারা রাত ধরি, भारचारत घाटि घाटि छूँ य याय छती। রাত কাটে, ভোর হয়, পাখি জাগে বনে— চাঁদের তরণী ঠেকে ধরণীর কোণে।

#### মাধবী

মাধবী হঠাৎ কোথা হতে

এল ফাগুন-দিনের স্রোতে—

এসে হেসেই বলে, 'যা ই যা ই যাই।'

পাতারা ঘিরে দলে দলে

তারে কানে কানে বলে, 'না না না!'—

নাচে তা ই তা ই তাই!

আকাশের তারা বলে তারে

'তুমি এসো গগন-পারে,

তোমায় চাই চাই।

পাতারা ঘিরে দলে দলে

তারে কানে কানে বলে, 'না না না!'—

নাচে তা ই তা ই তাই।

বাতাস দখিন হতে আসে,

ফেরে তারি পাশে পাশে,

বলে, 'আ য় আ য় আয়।'

বলে, 'নীল অতলের কূলে

স্থদূর অস্তাচলের মূলে

বেলা যায় যায় ।'

বলে 'পূর্ণশনীর রাতি
ক্রমে হবে মলিন্-ভাতি,
সময় না ই না ই নাই।'
পাতারা ঘিরে দলে দলে
তারে কানে কানে বলে, 'না না না।'—
নাচে তা ই তা ই তাই।

## ঈর্ষার সন্দেহ

লেজ নড়ে, ছায়া তারি নড়িছে মুকুরে—
কোনোমতে সেটা সহ করে না কুকুরে।
দাস যবে মনিবেরে দোলায় চামর
কুকুর চটিয়া ভাবে, এ কোন্ পামর!
গাছ যদি ন'ড়ে ওঠে, জলে ওঠে ঢেউ,
কুকুর বিষম রাগে করে ঘেউ-ঘেউ।
সে নিশ্চয় বুঝিয়াছে ত্রিভুবন দোলে
বাঁপ দিয়া উঠিবারে তারি প্রভু-কোলে।

মনিবের পাতে ঝোল খাবে চুকুচুকু, বিশ্বে শুধু নড়িবেক তারি লেজটুকু।

## যোগীনদা

যোগীনদাদার জন্ম ছিল ডেরাম্মাইলথাঁয়ে।
পশ্চিমেতে অনেক শহর অনেক গাঁয়ে গাঁয়ে
বেরিয়েছিলেন মিলিটারি জরিপ করার কাজে,
শেষ বয়সে স্থিতি হল শিশুদলের মাঝে।
'জুলুম তোদের সইব না আর' হাঁক চালাতেন রোজই,
পরের দিনেই আবার চলত ওই ছেলেদের থোঁজই।
দরবারে তাঁর কোনো ছেলের ফাঁক পড়বার জো কী—
ডেকে বলতেন, 'কোথায় টুমু ? কোথায় গেল থোঁকি ?'
'ওরে ভজু, ওরে বাঁদর, ওরে লক্ষীছাড়া'
হাঁক দিয়ে তার ভারী গলায় মাতিয়ে দিতেন পাড়া।

দিন ফুরোত, কুলুঙ্গিতে প্রদীপ দিত জালি;
বেলের মালা হেঁকে যেত মোড়ের মাথায় মালী।
চেয়ে রইতেম মুখের দিকে শাস্ত শিষ্ট হয়ে;
কাঁসর ঘণ্টা উঠত বেজে গলির শিবালয়ে।
সেই সেকালের সন্ধ্যা মোদের সন্ধ্যা ছিল সত্যি,
দিন-ভ্যাঙানো ইলেক্ট্রিকের হয় নিকো উৎপত্তি।
ঘরের কোণে কোণে ছায়া; গাঁধার বাড়ত ক্রমে—
মিট্মিটে এক তেলের আলোয় গল্প উঠত জমে।
শুরু হলে থামতে তাঁরে দিতেম না তো ক্ষণেক;
সত্যি মিথ্যে যা খুশি তাই বানিয়ে যেতেন অনেক।

ভূগোল হত উল্টোপাল্টা, কাহিনী আজগুবি—
মজা লাগত খুবই।
গল্পটুকু দিচ্ছি, কিন্তু দেবার শক্তি নাই তো
বলার ভাবে যে রঙটুকু মন আমাদের ছাইত।—

তশিয়ারপুর পেরিয়ে গেল ছন্দৌসির গাড়ি, দেড়টা রাতে সর্হরোয়ায় দিল স্টেশন ছাড়ি। ভোর থাকতেই হয়ে গেল পার বুলন্দশর, আয়োরিসর্সার। পেরিয়ে যখন ফিরোজাবাদ এল যোগীনদাদার বিষম খিদে পেল। ঠোঙায়-ভরা পকৌড়ি আর চলছে মটর-ভাজা, এমন সময় হাজির এসে জৌনপুরের রাজা। পাঁচশো-সাতশো লোক-লস্কর, বিশ-পাঁচশটা হাতি— মাথার উপর ঝালর-দেওয়া প্রকাণ্ড এক ছাতি। মন্ত্রী এসেই দাদার মাথায় চড়িয়ে দিল তাজ; বললে, 'যুবরাজ, আর কতদিন রইবে, প্রভু, মতিমহল ত্যেজে !' বলতে বলতে রামশিঙা আর ঝাঁঝর উঠল বেজে।

ব্যাপারখানা এই রাজপুত্র তেরো বছর রাজভবনে নেই। সভা ক'রে বিয়ে,
নাথ্দোয়ারার সেগুন-বনে শিকার করতে গিয়ে
তার পরে যে কোথায় গেল খুঁজে না পায় লোক;
কেঁদে কেঁদে অন্ধ হল রানীমায়ের চোখ।
থোঁজ পড়ে যায় যেমনি কিছু শোনে কানাঘুষার;
থোঁজে পিণ্ডিদাদন্থায়ে, থোঁজে লালামুসায়।
খুঁজে খুঁজে লুধিয়ানায় ঘুরেছে পঞ্জাবে;
গুল্জারপুর হয় নি দেখা, শুনছি পরে যাবে।
চঙ্গামঙ্গা দেখে এল সরাই আলম্গিরে;

রাওলপিণ্ডি থেকে এল হতাশ হয়ে ফিরে !

ইতিমধ্যে যোগীনদাদা হাৎরাশ জংশনে
গেছেন লেগে চায়ের সঙ্গে পাঁউরুটি-দংশনে।
দিব্যি চলছে খাওয়া,
তারি সঙ্গে খোলা গায়ে লাগছে মিঠে হাওয়া—
এমন সময় সেলাম করলে জৌনপুরের চর;
জোড়হাতে কয়, 'রাজাসাহেব, কঁহা আপ্কা ঘর ?'
দাদা ভাবলেন সন্মানটা নিতান্ত জম্কালো,
আসল পরিচয়টা তবে না দেওয়াই তো ভালো।
ভাবখানা তাঁর দেখে চরের ঘনালো সন্দেহ—
এ মানুষটি রাজপুত্রই, নয় কভু আর-কেহ।

রাজলক্ষণ এতগুলো একখানা এই গায়, ওরে বাস্ রে, দেখে নি সে আর-কোনো জায়গায়।

তার পরে মাস-পাঁচেক গেছে ত্রুথে স্থথে কেটে; হারাধনের খবর গেল জৌনপুরের স্টেটে। ইস্টেশনে নির্ভাবনায় বসে আছেন দাদা— रिकमन करत की रय इन, नागन विषम धार्था। গুর্থা ফউজ সেলাম ক'রে দাঁডালো চার দিকে. ইস্টেশন্টা ভরে গেল আফগানে আর শিখে। যিরে তাঁকে নিয়ে গেল কোথায় ইটার্সিতে: দেয় কারা সব জয়ধ্বনি উর্তুতে ফার্সিতে ! সেখান থেকে মৈনপুরী, শেষে লছমনঝোলায় বাজিয়ে সানাই চড়িয়ে দিল ময়ূরপংখি দোলায়। দশটা কাহার কাঁধে নিল, আর পঁটিশটা কাহার সঙ্গে চলল ভাঁহার। ভাটিণ্ডাতে দাঁড় করিয়ে জোরালো তুর্বিনে দখিন মুখে ভালো করে দেখে নিলেন চিনে বিষ্ণাচলের পর্বত। সেইখানেতে খাইয়ে দিল কাঁচা আমের সর্বত। সেখান থেকে এক পহরে গেলেন জৌনপুরে পড়স্ত রোদচুরে।

এইখানেতেই শেষে
যোগীনদাদা থেমে গেলেন যৌবরাজ্যে এসে
হেসে বললেন, 'কী আর বলব, দাদা,
মাঝের থেকে মটর-ভাজা খাওয়ায় পড়ল বাধা।'
'ও হবে না' 'ও হবে না' বিষম কলরবে
ছেলেরা সব চেঁচিয়ে উঠল—'শেষ করতেই হবে।'

यां भीनमा कय, 'याक्रम, বেঁচে আছি শেষ হয় নি ভাগ্যে। তিনটে দিন না যেতে যেতেই হলেম গলদ্ঘৰ্ম। রাজপুত্র হওয়া কি, ভাই, যে-সে লোকের কর্ম। মোটা মোটা পরোটা আর তিন-পোয়াটাক ঘি বাংলাদেশের হাওয়ায় মানুষ সইতে পারে কি ? নাগরা জুতায় পা ছিঁড়ে যায়, পাগড়ি মুটের বোঝা— এগুলি কি সহা করা সোজা ? তা ছাড়া এই রাজপুত্রের হিন্দি শুনে কেহ हिन्मि वलहें कतल ना मत्मह। যে দিন দূরে শহরেতে চলছিল রামলীলা পাহারাটা ছিল সেদিন ঢিলা। সেই স্থযোগে গৌড়বাসী তথনি এক দৌড়ে ফিরে এল গৌডে—

চলে গেল সেই রাত্রেই ঢাকা।
মাঝের থেকে চর পেয়ে যায় দশটি হাজার টাকা।
কিন্তু গুজব শুনতে পেলেম, শেষে
কানে মোচড় খেয়ে টাকা ফেরত দিয়েছে সে।'

'কেন তুমি কিরে এলে' চেঁচাই চারি পাশে,
যোগীনদাদা একটু কেবল হাসে।
তার পরে তো শুতে গেলাম; আধেক রাত্রি ধ'রে
শহরগুলোর নাম যত সব মাথার মধ্যে ঘোরে।
ভারত-ভূমির সব ঠিকানাই ভুলি যদি দৈবে
যোগীনদাদার ভূগোল-গোলা গল্প মনে রইবে।

## ভিক্ষা ও উপার্জন

'বস্থমতী, কেন তুমি এতই কুপণা ?
কত খোঁড়াখুঁড়ি করি পাই শস্তকণা !
দিতে যদি হয় দে, মা, প্রসন্ন সহাস ।
কেন এ মাথার ঘাম পায়েতে বহাস ?
বিনা চাষে, শস্ত দিলে কী তাহাতে ক্ষতি ?'
শুনিয়া ঈষৎ হাসি কন বস্তমতী—
'আমার গৌরব তাহে সামান্যই বাড়ে,
তোমার গৌরব তাহে নিতান্তই ছাড়ে।'

## নিক্ষল উপহার

নিম্নে যমুনা বহে স্বচ্ছ শীতল। উর্দ্বে পাষাণতট, শ্যাম শিলাতল। মাঝে গহুবর, তাহে পশি জলধার ছলছল করতালি দেয় আনিবার।

বরষার নির্বারে অঙ্কিতকায়

তুই তীরে গিরিমালা কত দূর যায়!

ত্বির তারা, নিশিদিন তবু যেন চলে—
চলা যেন বাঁধা আছে অচল শিকলে।

মাঝে মাঝে শাল তাল রয়েছে দাঁড়ায়ে, মেঘেরে ডাকিছে গিরি হস্ত বাড়ায়ে। তৃণহীন স্থকঠিন বিদীর্ণ ধরা, রৌদ্রবরন ফুলে কাঁটাগাছ ভরা।

দিবসের তাপ ভূমি দিতেছে ফিরায়ে, দাঁড়ায়ে রয়েছে গিরি আপনার ছায়ে— পথহীন, জনহীন, শব্দবিহীন। ডুবে রবি যেমন সে ডুবে প্রতিদিন। রঘুনাথ হেথা আসি যবে উতরিলা
শিখগুরু পড়িছেন ভগবৎ-লীলা।
রঘু কহিলেন, নমি চরণে তাঁহার—
'দীন আনিয়াছে, প্রভু, হীন উপহার।'

বাহু বাড়াইয়া গুরু শুধায়ে কুশল আশিসিলা মাথায় পরশি করতল। কনকে হীরকে গাঁথা বলয় দুখানি গুরুপদে দিলা রঘু জুড়ি চুই পাণি।

ভূমিতল হতে বালা লইলেন তুলে,
দেখিতে লাগিলা প্রভু ঘ্রায়ে আঙুলে।
হীরকের সূচীমুখ শতবার ঘূরি
হানিতে লাগিল শত আলোকের ছুরি।

ঈষৎ হাসিয়া গুরু পাশে দিলা রাখি, আবার সে পুঁথি-'পরে নিবেশিলা আঁখি। সহসা একটি বালা শিলাতল হতে গড়ায়ে পড়িয়া গেল যমুনার স্রোতে।

'আহা আহা' চীৎকার করি রঘুনাথ ঝাঁপায়ে পড়িল জলে বাড়ায়ে তু হাত। আগ্রহে যেন তার প্রাণমনকায় একখানি বাহু হয়ে ধরিবারে যায়।

বারেকের তরে গুরু না তুলিলা মুখ
নিভৃত হৃদয়ে তাঁর জাগে পাঠ স্থা।
কালো জল চূপে চূপে বহিল গোপন
ছল-ভরা স্থাভীর চুরির মতন।

দিবালোক চলে গেল দিবসের পিছু, যমুনা উতলা করি না মিলিল কিছু। সিক্ত বসন লয়ে শ্রান্তশরীরে রযুনাথ গুরু-কাছে আসিলেন ফিরে।

'এখনো উঠাতে পারি' করজোড়ে যাচে— 'যদি দেখাইয়া দাও কোন্খানে আছে।' দ্বিতীয় বলয়খানি ছুঁড়ি দিয়া জলে গুরু কহিলেন, 'আছে ওই নদীতলে।'

# সামান্ত ক্ষতি

বহে মাঘ মাসে শীতের বাতাস,
স্বচ্ছসলিলা বরুণা।
পুরী হতে দূরে গ্রামে নির্জনে
শিলাময় ঘাট চম্পকবনে,
স্মানে চলেছেন শত সখী-সনে
কাশীর মহিষী করুণা।

সে পথ সে ঘাট আজি এ প্রভাতে জনহীন রাজ-শাসনে। নিকটে যে-ক'টি আছিল কুটির ছেড়ে গেছে লোক, তাই নদীতীর স্তব্ধ গভার— কেবল পাখির কুজন উঠিছে কাননে।

আজি উতরোল উত্তর-বায়ে

উতলা হয়েছে তটিনী।

সোনার আলোক পড়িয়াছে জলে,
পুলকে উছলি ঢেউ ছলছলে,
লক্ষ মানিক ঝলকি আঁচলে

নেচে চলে যেন নটিনী।

কলকল্লোলে লাজ দিল আজ
নারীকণ্ঠের কাকলি।
মূণালভুজের ললিত বিলাসে
চঞ্চলা নদী মাতে উল্লাসে,
আলাপে প্রলাপে হাসি-উচ্ছ্যাসে
আকাশ উঠিল আকুলি।

স্নান সমাপন করিয়া যখন
কুলে উঠে নারী-সকলে
মহিষী কহিলা, 'উক্ত শীতে মরি,
সকল শরীর উঠিছে শিহরি—
জেলে দে আগুন, ওলো সহচরী,
শীত নিবারিব অনলে।'

সথীগণ সবে কুড়াইতে কুটা
চলিল কুস্থমকাননে।
কৌতুকরসে পাগল-পরানী
শাখা ধরি সবে করে টানাটানি,
সহসা সবারে ডাক দিয়া রানী
কহে সহাস্থ-আননে—

'ওলো, তোরা আয় ! ওই দেখা যায় কুটির কাহার অদূরে। ওই ঘরে তোরা লাগাবি অনল, তপ্ত করিব করপদতল।' এত বলি রানী রঙ্গে বিভল হাসিয়া উঠিল মধুরে।

কহিল মালতী সকরুণ অতি—
'একি পরিহাস রানী মা!
আগুন জালায়ে কেন দিবে নাশি—
এ কুটির কোন সাধু সন্ন্যাসী
কোন্ দীনজন কোন্ পরবাসী
বাধিয়াছে নাহি জানি মা!'

রানী কহে রোষে, 'দূর করি দাও এই দীনদয়াময়ীরে।' অতি ফুর্দাম কৌতুকরত যৌবনমদে নিষ্ঠুর যত যুবতীরা মিলি পাগলের মতো আগুন লাগালো কুটিরে। ষন যোর ধূম ঘুরিয়া ঘুরিয়া
ফুলিয়া ফুলিয়া উড়িল।
দেখিতে দেখিতে হূহু হুংকারি
ঝলকে ঝলকে উন্ধা উগারি
শত শত লোল জিহ্বা প্রসারি
বহিং আকাশ জুড়িল।

পাতাল ফুঁড়িয়া উঠিল যেন রে জ্বালাময়ী যত নাগিনী— ফণা নাচাইয়া অম্বর-পানে মাতিয়া উঠিল গর্জনগানে; প্রলয়মন্ত রমণীর কানে বাজিল দীপকরাগিণী।

প্রভাত-পাথির আনন্দগান
ভয়ের বিলাপে টুটিল—
দলে দলে কাক করে কোলাহল,
উত্তরবায় হইল প্রাবল,
কুটির হইতে কুটিরে অনল
উড়িয়া উড়িয়া ছুটিল।

## সামান্য ক্ষতি

ছোটো গ্রামখানি লেহিয়া লইল প্রলয়লোলুপ রসনা । জনহীন পথে মাঘের প্রভাতে প্রমোদক্লান্ত শত সথী সাথে ফিরে গেল রানী কুবলয় হাতে দ্বীপ্ত-অরুণ বসনা।

তখন সভায় বিচার-আসনে
বসিয়াছিলেন ভূপতি।
গৃহহীন প্রজা দলে দলে আসে,
দ্বিধাকম্পিত গদগদ ভাষে
নিবেদিল দুখ সংকোচে ত্রাসে
চরণে করিয়া বিনতি।

সভাসন ছাড়ি উঠি গেল রাজা,
রক্তিমমুখ শরমে।
অকালে পশিলা রানীর আগার,—
কহিলা, 'মহিষী একি ব্যবহার
গৃহ জ্বালাইলে অভাগা প্রজার
বলো কোন্ রাজ-ধরমে।'

কৃষিয়া কহিলা রাজার মহিলা,—

'গৃহ কহ তারে কী বোধে !

গেছে গুটিকত জীর্ণ কুটির,

কতটুকু ক্ষতি হয়েছে প্রাণীর !

কত ধন যায় রাজমহিষীর

এক প্রহরের প্রমোদে !'

কহিলেন রাজা উত্তত রোষ
কথিয়া দীপ্ত হৃদয়ে—
'যত্ দিন তৃমি আছ রাজরানী
দীনের কুটিরে দীনের কী হানি
বুঝিতে নারিবে জানি তাহা জানি—
বুঝাব তোমারে নিদয়ে।'

রাজার আদেশে কিংকরী আসি
ভূষণ ফেলিল খুলিয়া—
অরুণবরন অম্বরখানি
নির্মম করে খুলে দিল টানি,
ভিখারী নারীর চীরবাস আনি
দিল রানী-দেহে তুলিয়া।

পথে লয়ে তারে কহিলেন রাজা

'মাগিবে হুয়ারে হুয়ারে;

এক প্রহরের লীলায় তোমার

যে ক'টি কুটির হল ছারথার

যত দিনে পারো সে ক'টি আবার

গডি দিতে হবে তোমারে।

বৎসরকাল দিলেম সময়—
তার পরে ফিরে আসিয়া
সভায় দাঁড়ায়ে করিয়া প্রণতি
সবার সমুখে জানাবে যুবতী,
হয়েছে জগতে কতটুকু ক্ষতি
জীর্ণ কুটির নাশিয়া।'

# ভোরের পাথি

ভোরের পাখি ডাকে কোথায় ভোরের পাখি ডাকে !
ভোর না হতে ভোরের খবর কেমন করে রাখে !
এখনো যে স্বাধার নিশি
জড়িয়ে আছে সকল দিশি
কালীবরন পুচ্ছডোরের হাজার লক্ষ্ণ পাকে
যুমিয়ে পড়া বনের কোণে পাখি কোথায় ডাকে ?

ওগো তৃমি ভোরের পাখি, ভোরের ছোটো পাখি, কোন্ অরুণের আভাস পেয়ে মেলো তোমার আঁথি কোমল তোমার পাখার 'পরে সোনার রেখা স্তরে স্তরে, বাঁধা আছে ডানায় তোমার উষার রাঙা রাখি। ওগো তৃমি ভোরের পাখি, ভোরের ছোটো পাখি!

রয়েছে বট, শতেক জটা ঝুলছে মাটি ব্যেপে— পাতার উপর পাতার ঘটা উঠছে ফুলে ফেঁপে! তাহারই কোন্ কোণের শাখে নিদ্রাহারা ঝিঁঝির ডাকে বাঁকিয়ে গ্রীবা ঘূমিয়ে ছিলে পাখাতে মুখ ঝেঁপে, যেখানে বট দাঁড়িয়ে একা জটায় মাটি ব্যেপে।

ওগো ভোরের সরল পাখি, কহো আমায় কহো—
ছারায় ঢাকা বিগুণ রাতে ঘুমিরে যখন রহ,
হঠাৎ তোমার কুলায়-'পরে
কেমন করে প্রবেশ ক'রে
আকাশ হতে আধার-পথে আলোর বার্তাবহ।
ওগো ভোরের সরল পাখি, কহো আমায় কহো।

কোমল তোমার বুকের তলে রক্ত নেচে উঠে, উড়বে বলে পুলক জাগে তোমার পক্ষপুটে। চক্ষু মেলি পুবের পানে নিদ্রাভাগ্গ নবীন গানে অকুঠিত কণ্ঠ তোমার উৎস-সমান ছুটে। কোমল তোমার বুকের তলে রক্ত নেচে উঠে।

এত আঁধার-মাঝে তোমার এতই অসংশয়!
বিশ্বজনে কেহই তোরে করে না প্রত্যয়।
তুমি ডাকো, 'দাঁড়াও পথে,
সূর্য আসেন স্বর্ণরথে,
রাত্রি ন য়, রাত্রি ন য়, নয়।'
এত আঁধার-মাঝে তোমার এতই অসংশয়!

আনন্দেতে জাগো আজি আনন্দেতে জাগো! ভোরের পাখি ডাকে যে ঐ, তন্দ্রা এখন না গো। প্রথম আলো পড়ুক মাথায় নিদ্রাভাঙা আখির পাতায়, জ্যোতির্ময়ী উদয়-দেবীর আশীর্বচন মাগো। ভোরের পাখি গাহিছে ঐ, আনন্দেতে জাগো।

# প্রতিনিধি

আাক্ওয়ার্থ সাহেব কম্মেকটি মারাঠি গাথার যে ইংরেজি অন্থবাদ-গ্রন্থপ্রকাশ করিয়াছেন তাহারই ভূমিকা হইতে বর্ণিত ঘটনা গৃহীত। শিবাজির গেরুয়া পতাকা 'ভগোয়া ঝেণ্ডা' নামে খ্যাত

বসিয়া প্রভাতকালে সেতারার দুর্গভালে শিবাজি হেরিলা এক দিন— রামদাস, গুরু তাঁর, ভিক্ষা মাগি দার দার ফিরিছেন যেন অন্নহীন। ভাবিলা, 'এ কী এ কাণ্ড! গুরুজির ভিক্ষাভাণ্ড! ঘরে যাঁর নাই দৈখলেশ! সবই বাঁর হস্তগত, রাজ্যেশ্বর পদানত তাঁরো নাই বাসনার শেষ।' এ কেবল দিনে রাত্রে জল ঢেলে ফুটা পাত্রে বৃথা চেফী তৃষ্ণা মিটাবারে। কহিলা, দেখিতে হবে কতথানি দিলে তবে ভিক্ষা-ঝুলি ভরে একেবারে। তখনি লেখনী আনি কী লিখি দিলা কী জানি বালাজিরে কহিলা ডাকায়ে—

'গুরু যবে ভিক্ষা আশে আসিবেন ছুর্গ-পাশে এই লিপি দিয়ো তাঁর পায়ে।'

গুরু চলেছেন গেয়ে, সম্মুখে চলেছে ধেয়ে
কত পান্থ কত অশ্বরথ—
'হে ভবেশ, হে শংকর, সবারে দিয়েছ ঘর,
আমারে দিয়েছ শুধু পথ।
অন্নপূর্ণা মা আমার লয়েছে বিশ্বের ভার,
স্থাংখ আছে সর্ব চরাচর—
মোরে ভূমি হে ভিখারী, মার কাছ হতে কাড়ি
করেছ আপন অনুচর।'

সমাপন করি গান
 তুর্গল্লারে আসিলা যখন
বালাজি নমিয়া তাঁরে দাঁড়াইল এক ধারে,
পদমূলে রাখিয়া লিখন।
গুরু কৌতূহলভরে তুলিয়া লইলা করে,
পড়িয়া দেখিলা পত্রখানি—
বিন্দি তাঁর পাদপদ্ম শিবাজি সঁপিছে অন্ত

পরদিনে রামদাস
কহিলেন, 'পুত্র, কহো শুনি,
রাজ্য যদি মোরে দেবে কী কাজে লাগিবে এবে—
কোন্ গুণ আছে তব গুণী ?'
'তোমারি দাসত্বে প্রোণ আনন্দে করিব দান'
দিবাজি কহিলা নমি তাঁরে।
গুরু কহে, 'এই ঝুলি লহো তবে ক্ষন্ধে তুলি
চলো আজি ভিক্ষা করিবারে।'

শিবাজি গুরুর সাথে ভিক্ষাপাত্র লয়ে হাতে
ফিরিলেন পুরুন্নারে-বারে।
নৃপে হেরি ছেলে মেয়ে ভয়ে ঘরে যায় ধেয়ে
ডেকে আনে পিতারে মাতারে।
অসুল ঐশর্যে রত তার ভিখারীর ব্রত,
এ যে দেখি জলে ভাসে শিলা!
ভিক্ষা দেয় লড্জাভরে, হস্ত কাঁপে থরোথরে
ভাবে ইহা মহতের লীলা।

তুর্গে দ্বিপ্রাহর বাজে, ক্ষান্ত দিয়া কর্ম-কাজে বিশ্রাম করিছে পুরবাসী। একতারে দিয়ে তান রামদাস গাহে গান স্থানন্দে নয়নজলে ভাসি— 'ওহে ত্রিভুবনপতি, বুঝি না তোমার মতি,
কিছুই অভাব তব নাহি—
হদয়ে হৃদয়ে তবু ভিক্ষা মাগি ফির, প্রভু,
সবার সর্বস্থ-ধন চাহি!'

অবশেষে দিবসান্তে
নদীকূলে সন্ধ্যাস্মান সারি
ভিক্ষা-অন্ন রাঁধি সুখে গুরু কিছু দিলা মুখে,
প্রসাদ পাইল শিশ্য তাঁরি।
রাজা তবে কহে হাসি, 'নৃপতির গর্ব নাশি
করিয়াছ পথের ভিক্ষুক;
প্রস্তুত রয়েছে দাস— আরো কিবা অভিলাষ,
গুরু-কাছে লব গুরু তুখ।'

গুরু কহে, 'তবে শোন্, করিলি কঠিন পণ,
অনুরূপ নিতে হবে ভার—
এই আমি দিনু কয়ে মোর নামে মোর হয়ে
রাজ্য ভূমি লহো পুনর্বার।
তোমারে করিল বিধি ভিক্ষুকের প্রতিনিধি,
রাজ্যেশ্বর দীন উদাসীন;
পালিবে যে রাজধর্ম জেনো তাহা মোর কর্ম,
রাজ্য লয়ে রবে রাজ্যহীন।'

'বৎস, তবে এই লহো মোর আশীর্বাদ-সহ

আমার গেরুয়া গাত্রবাস-

বৈরাগীর উত্তরীয় পতাকা করিয়া নিয়ো'

কহিলেন গুরু রামদাস।

নুপশিশ্য নতশিরে

বসি রহে নদীতীরে,

চিন্তারাশি ঘনায় ললাটে।

থামিল রাখাল-বেণু, গোঠে ফিরে গোল ধেনু,

পরপারে সূর্য গেল পাটে।

পুরবীতে ধরি তান

একমনে রচি গান

গাহিতে লাগিল রামদাস—

'আমারে রাজার সাজে বসায়ে সংসার-মাঝে

কে তুমি আড়ালে করে৷ বাস ?

হে রাজা, রেখেছি আমি তোমারি পাছুকাখানি,

আমি থাকি পাদপীঠতলে।

সন্ধ্যা হয়ে এল ওই— স্থার কত বসে রই,

তব রাজ্যে তুমি এসো চলে।'

# বৈরাগ্য

কহিল গভীর রাত্রে সংসারে বিরাগী,
'গৃহ তেয়াগিব আজি ইফ্টদেব লাগি।
কে আমারে ভুলাইয়া রেখেছে এখানে ?'
দেবতা কহিলা, 'আমি।' শুনিল না কানে।

স্থৃপ্তিমগ্ন শিশুটিরে আঁকড়িয়া বুকে প্রোয়নী শয়ার প্রান্তে ঘুমাইছে স্থুখে। কহিল, 'কে তোরা, ওরে মায়ার ছলনা ?' দেবতা কহিলা, 'আমি।' কেহ শুনিল না।

ডাকিল শয়ন ছাড়ি, 'তুমি কোথা প্রভূ !' দেবতা কহিলা, 'হেথা।' শুনিল না তবু। স্বপনে কাঁদিল শিশু জননীরে টানি ; দেবতা কহিলা, 'ফির।' শুনিল না বাণী।

দেবতা নিশ্বাস ছাড়ি কহিলেন, 'হায়, আমারে ছাড়িয়া ভক্ত চলিল কোথায় ?'

## বঙ্গজননী

আজি বাংলাদেশের হৃদয় হতে কথন আপনি
তুমি এই অপরূপ রূপে বাহির হলে জননী!
ওগো মা, তোমায় দেখে দেখে আঁখি না ফিরে।
তোমার তুয়ার আজি খুলে গেছে সোনার মন্দিরে।

ভান হাতে ভোর খড়গ জ্বলে, বাঁ হাত করে শক্ষাহরণ, তুই নয়নে স্নেহের হাসি, ললাট-নেত্র আগুন-বরন। ওগো মা, ভোমার কী মুরতি আজি দেখি রে! তোমার তুয়ার আজি খুলে গেছে সোনার মন্দিরে।

তোমার মৃক্তকেশের পুঞ্জ মেঘে লুকায় অশনি,
তোমার আঁচল ঝলে আকাশ-তলে রোদ্রবসনী!
ওগো মা, তোমায় দেখে দেখে আখি না ফিরে।
তোমার হুয়ার আজি খুলে গেছে সোনার মন্দিরে।

যখন অনাদরে চাই নি মূথে ভেবেছিলেম চুঃখিনী মা
আছে ভাঙা ঘরে একলা পড়ে, চুথের বুঝি নাইকো সীমা।
কোথা সে তোর দরিদ্র বেশ, কোথা সে তোর মলিন হাসি—
আকাশে আজ ছড়িয়ে গেল ঐ চরণের দীপ্তিরাশি।
ওগো মা, তোমার কী মুরতি আজি দেখি রে!
তোমার ছয়ার আজি খুলে গেছে সোনার মন্দিরে।

#### বঙ্গজননী

আজি তুখের রাতে স্থথের স্রোতে ভাসাও ধরণী। তোমার অভয় বাজে হৃদয়-মাঝে, হৃদয় হরণী! ওগো মা, ভোমায় দেখে দেখে আঁখি না ফিরে। তোমার তুয়ার আজি খুলে গেছে সোনার মন্দিরে।

# ভারতলক্ষী

অয়ি ভুবনমনোমোহিনী! অয়ি নির্মলসূর্যকরোভদ্বল ধরণী जनकजनि-जननी ! নীলসিম্বুজলধোত চরণতল, অনিলবিকম্পিত শ্যামল অঞ্চল, অম্বরচুম্বিত ভাল' হিমাচল, শুভ্রত্যারকিরীটিনী! প্রথম প্রভাত-উদয় তব গগনে, প্রথম সামরব তব তপোবনে প্রথম প্রচারিত তব বনভবনে, জ্ঞানধর্ম কত কাব্যকাহিনী! চিরকল্যাণময়ী ভূমি ধন্য, দেশবিদেশে বিতরিছ অন্ন, জাহ্নবী যমুনা বিগলিত করুণা পুণ্যপীযূষস্তন্যবাহিনী!

### মায়ের সম্মান

অপূর্বদের বাড়ি

অনেক ছিল চৌকি টেবিল, পাঁচটা-সাতটা গাড়ি;
ছিল কুকুর, ছিল বেড়াল, নানান রঙের ঘোড়া
কিছু না হয় ছিল ছ-সাত জোড়া;
দেউড়ি ভরা দোবে চোবে ছিল চাকর দাসী;
ছিল সহিস বেহারা চাপরাশি।—

আর ছিল এক মাসি।

স্বামীটি তার সংসারে বৈরাগী,
কেউ জানে না গেছেন কোথায় মোক্ষ পাবার লাগি
দ্রীর হাতে তার কেলে
বালক চুটি ছেলে।
অনাত্মীয়ের ঘরে গেলে স্বামীর বংশে নিন্দা লাগে পাছে
তাই সে হেখায় আছে
ধনী বোনের দ্বারে।
একটি মাত্র চেম্টা যে তার কী করে আপ্নারে
মূছবে একেবারে।
পাছে কারো চক্ষে পড়ে, পাছে তারে দেখে
কেউ বা ব'লে ওঠে 'আপদ জুটল কোথা থেকে',
আস্তে চলে, আন্তে বলে, সবার চেয়ে জায়গা জোড়ে কম—

## সবার চেয়ে বেশি পরিশ্রম।

কিস্তু যে ভার কানাই বলাই নেহাত ছোট্ট ছেলে— তাদের তরে রেখেছিলেন মেলে বিধাতা যে প্রকাণ্ড এই ধরা; অঙ্গে তাদের তুরস্ত প্রাণ, কণ্ঠ তাদের কলরবে ভরা। শিশুচিত্ত উৎস-ধারা বন্ধ করে দিতে বিষম ব্যথা বাজে মায়ের চিতে। কাতর চোখে করুণ স্থরে মা বলে 'চুপ চুপ' একটু যদি চঞ্চলতা দেখার কোনোরূপ। ক্ষুধা পেলে কান্না তাদের অসভ্যতা; তাদের মূথে মানার নাকো চেঁচিয়ে কথা; থশি হলে রাখবে চাপি, কোনোমতেই করবে নাকো লাফালাফি। অপূর্ব আর পূর্ণ ছিল এদের একবয়সী; তাদের সঙ্গে খেলতে গেলে এরা হ'ত পদে পদেই দোষী! তারা এদের মারত ধডাধ্বড এরা যদি উপ্টে দিত চড থাকত নাকো গণ্ডগোলের সীমা— উভয় পক্ষেরই মা কানাই বলাই দোঁহার 'পরে পড়ত ঝড়ের মতো. বিষম কাণ্ড হ'ত

ভাইনে বাঁয়ে ছু ধার থেকে মারের পরে মেরে।
বিনা দোবে শাস্তি দিয়ে কোলের বাছাদেরে

যরের ছুয়ার বন্ধ করে মাসি

থাকত উপবাসী;

চোথের জলে বক্ষ যেত ভাসি।

অবশেষে ছুটি ছেলে মেনে নিল নিজেদের এই দশা। তখন তাদের চলা-ফেরা ওঠা-বসা खक रल, भार रल, श्र পাথিহারা পক্ষীনীড়ের প্রায়। এ সংসারে বেঁচে থাকার দাবি ভাঁটায় ভাঁটায় নেবে নেবে একেবারে তলায় গেল নাবি ; যুচে গেল স্থায়-বিচারের আশা, ক্রন্ধ হল নালিশ করার ভাষা। সকল ছঃখ ছুটি ভাইয়ে করল পরিপাক নিঃশব্দ নির্বাক। চক্ষে আঁধার দেখত ক্ষ্পার ঝোঁকে— পাছে খাবার না থাকে আর পাছে মায়ের চোখে জল দেখা দেয় তাই বাইরে কোথাও লুকিয়ে থাকত, বলত 'ক্লুধা নাই'। অসুখ করলে দিত চাপা। দেব্তা মানুষ কারে একট্নাত্র জবাব করা ছাড়ল একেবারে।

প্রথম যথন ইস্কুলেতে প্রাইজ পেল এরা ক্রাসে সবার সেরা, অপূর্ব আর পূর্ণ এল শূন্য হাতে বাড়ি। প্রমাদ গণি দীর্ঘনিশাস ছাডি মা ডেকে কয় কানাই বলায়েরে— 'ওরে বাছা, ওদের হাতেই দে রে তোদের প্রাইজ চুটি। তার পরে যা ছটি খেলা করতে চৌধুরীদের ঘরে! সন্ধ্যা হলে পরে আসিস ফিরে, প্রাইজ পেলি কেউ যেন না শোনে।' এই ব'লে মা নিয়ে ঘরের কোণে তুটি আসন পেতে আপন হাতের খইয়ের মোওয়া দিল তাদের খেতে।

এমনি করে অপমানের তলে
তুঃখদহন বহন ক'রে চুটি ভাইয়ে মানুষ হয়ে চলে।
এই জীবনের ভার
যত হাল্কা হতে পারে করলে এরা চূড়ান্ত তাহার।
সবার চেয়ে ব্যথা এদের মায়ের অসন্মান—
আগুন তারই শিখার স্মান

জ্বছে এদের প্রাণ-প্রদীপের মূখে।
সেই আলোটি দোঁহায় তুঃখে স্থাখে
যাচ্ছে নিয়ে একটি লক্ষ্য-পানে—
জননীরে করবে জয়ী সকল মনে প্রাণে।

কানাই বলাই কালেজেতে পড়ছে তুটি ভাই। এমন সময় গোপনে এক রাতে অপূর্ব তার মায়ের বাক্স ভাঙল আপন হাতে, করল চুরি পাল্লামোতির হার— থিয়েটারের শখ চেপেছে তার। পুলিস ডাকাডাকি নিয়ে পাড়া যেন ভূমিকম্পে নড়ে; যখন ধরা পড়ে-পড়ে অপূর্ব সেই মোতির মালাটিরে शीरत शीरत কানাইদাদার শোবার ঘরে বালিশ দিয়ে ঢেকে नूकिएय मिन द्वारथ। যথন বাহির হল শেষে সবাই বললে এসে---'তাই না শান্তে করে মানা ছুধে কলায় পুষতে সাপের ছানা ছেলেমানুষ, দোষ কি ওদের, মা আছে এর তলে। ভালো করলে মন্দ ঘটে কলিকালের ফলে।'

কানাই বলাই জ্ব'লে ওঠে প্রলয়বহ্নিপ্রায়,
থুনোথুনি করতে ছুটে যায়।
মা বললেন, 'আছেন ভগবান,
নির্দোষীদের অপমানে তাঁরই অপমান।'
ছুই ছেলেরে সঙ্গে নিয়ে বাহির হলেন মাসি;
রইল চেয়ে দোবে চোবে, রইল চেয়ে সকল চাকর দাসী,
যোড়ার সহিস, বেহারা চাপরাশি।

অপমানের তীব্র আলোক জেলে
মাকে নিয়ে চুটি ছেলে
পার হল ঘোর তুঃখদশা চ'লে চ'লে কঠিন কাঁটার পথে।
কানাই বলাই মস্ত উকিল বড়ো আদালতে।
মনের মতো বউ এসেছে, একটি চুটি আসছে নাৎনি নাতি—
জুটল মেলা স্থথের দিনের সাথি।
মা বললেন, 'মিটবে এবার চিরদিনের আশ—
মরার আগে করব কাশীবাস।'
অবশেষে একদা আশ্বিনে
পুজোর চুটির দিনে

মনের মতো বাড়ি দেখে তুই ভায়েতে মাকে নিয়ে তীর্থে এল রেখে।

বছর খানেক না পেরোতেই শ্রাবণ মাসের শেষে
হঠাৎ কখন মা ফিরলেন দেশে।
বাড়িস্থদ্ধ অবাক সবাই। মা বললেন, 'তোরা আমার ছেলে
তোদের এমন বৃদ্ধি হল অপূর্বকে পুরতে দিবি জেলে ?'
কানাই বললে, 'তোমার ছেলে বলেই
তোমার অপমানের জ্বালা মনের মধ্যে নিত্য আছে জ্বলেই।
মিথ্যে চুরির দাগা দিয়ে সবার চোথের 'পরে
আমার মাকে ঘরের বাহির করে
সেই কথাটা এ জীবনে ভুলি যদি তবে
মহাপাতক হবে।'

মা বললেন, 'ভুলবি কেন ? মনে যদি থাকে তাহার তাপ তা হলে কি তেমন ভীষণ অপমানের চাপ চাপানো যায় আর কাহারও 'পরে বাইরে কিংবা ঘরে ? মনে কি নেই সেদিন যখন দেউড়ি দিয়ে বেরিয়ে এলেম তোদের চুটি সঙ্গে নিয়ে তখন আমার মনে হল আমি যদি স্বপ্নমাত্র হই, জেগে দেখি আমি যদি কোথাও কিছুই নই— তা হলে হয় ভালো।

মনে হল, শক্র আমার আকাশ-ভরা আলো,
দেব্তা আমার শক্র, আমার শক্র বস্তম্বরা,
মাটির ডালি আমার অসীম লজ্জা দিয়ে ভরা!
তাই তো বলি, বিশ্ব-জ্ঞোড়া সে লাঞ্ছনা
তেমন করে পায় না যেন কোনো জনা,
বিধির কাছে এই করি প্রার্থনা।'

ব্যাপারটা কী ঘটেছিল অল্প লোকেই জানে, ব'লে রাখি সে কথা এইখানে।

বারো বছর পরে
অপূর্বরায় দেখা দিল কানাইদাদার ঘরে।
একে একে তিনটে থিয়েটার
ভাঙাগড়া শেষ ক'রে সে হল ক্যাশিয়ার
সদাগরের আপিসেতে। সেখানে আজ শেষে
তবিল-ভাঙার জাল হিসাবের দায়ে ঠেকেছে সে;
হাতে বেড়ি পড়ল বুঝি— তাই সে এল ছুটে
উকিল দাদার ঘরে, সেথায় পড়ল মাথা কুটে!
কানাই বললে, 'মনে কি নেই ?' অপূর্ব কয় নতমুখে—
'অনেক দিন সে গেছে চুকেবুকে।'
'চুকে গেছে!' কানাই উঠল বিষম রাগে জ্ব'লে—

'এত দিনের পরে যেন আশা হচ্ছে চুকে যাবে ব'লে।'
নীচের তলায় বলাই আপিস করে;
অপূর্বরায় ভয়ে ভয়ে ঢুকল তারই ঘরে।
বললে, 'আমায় রক্ষা করো।'
বলাই কেঁপে উঠল থরোথরো।
অধিক কথা কয় না সে যে; ঘণ্টা নেড়ে ডাকল দারোয়ানে।
অপূর্ব তার মেজাজ দেখে বেরিয়ে এল মানে মানে।

অপূর্বদের মা তিনি হন মস্ত ঘরের গৃহিণী যে;
এদের ঘরে নিজে
আসতে গোলে হয় যে তাঁদের মাথা নত।
অনেক রকম ক'রে ইতস্তত
পত্র দিয়ে পূর্ণকে তাই পাঠিয়ে দিলেন কাশী।
পূর্ণ বললে, 'রক্ষা করো মাসি।'

এরই পরে কাশী থেকে মা আসলেন ফিরে।
কানাই তাঁরে বললে ধীরে ধীরে—
'জানো তো মা, তোমার বাক্য মোদের শিরোধার্য,
এটা কিন্তু নিতান্ত অকার্য।
বিধি তাদের দেবেন শাস্তি, আমরা করব রক্ষে,
উচিত নয় মা, সেটা কারো পক্ষে।'
কানাই যদি নরম হয় বা, বলাই রইল রুখে।

অপ্রসন্নমূখে।

বললে, 'হেথায় নিজে এসে মাসি তোমার পড়ুন পায়ে ধরে,

(मथत उथन विस्तृतना करत ।'

মা বললেন, 'ভোরা বলিস কী এ!

একটা তুঃখ দূর করতে গিয়ে

আরেক হ্রঃখে বিদ্ধ করবি মর্ম !

এই কি তোদের ধর্ম !'

এত বলি বাহির হয়ে চলেন তাড়াতাড়ি।

তারা বলে, 'যাচ্ছ কোখায় ?' মা বললেন, 'অপূর্বদের বাড়ি।

वुः तथ जारमत वक वामात कारहे,

রইব আমি তাদের ঘরে যতদিন না বিপদ তাদের কাটে।

'রোসো রোসো, থামো থামো, করছ এ কী;

আচ্ছা ভেবে দেখি।

তোমার ইচ্ছা যবে,

আচ্ছা, নাহয় যা বলছ তাই হবে।'

আর কি থামেন তিনি ?

গেলেন একাকিনী

অপূর্বদের ঘরে তাদের মাসি।
ছিল না আর দোবে চোবে, ছিল না চাপরাশি;
প্রণাম করল লুটিয়ে পায়ে বিপিনের মা, পুরোনো সেই দাসী।

# আত্মতাণ

বিপদে মোরে রক্ষা করো, এ নহে মোর প্রার্থনা—
বিপদে আমি না যেন করি ভয়।
ছঃখতাপে ব্যথিত চিতে নাই-বা দিলে সাস্ত্রনা,
ছঃখে যেন করিতে পারি জয়!
সহায় মোর না যদি জুটে
নিজের বল না যেন টুটে—
সংসারেতে ঘটিলে ক্ষতি, লভিলে শুধু বঞ্চনা,
নিজের মনে না যেন মানি কয়।

আমারে তুমি করিবে ত্রাণ, এ নহে মোর প্রার্থনা—
তরিতে পারি শকতি যেন রয়।
আমার ভার লাঘব করি নাই-বা দিলে সান্ত্রনা,
বহিতে পারি এমনি যেন হয়।
নত্রশিরে স্থখের দিনে
তোমারি মুখ লইব চিনে—
ছুখের রাতে নিখিল ধরা যেদিন করে বঞ্চনা,
তোমারে যেন না করি সংশয়।





পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষাপর্বং - কর্তৃ ক অহুমোদিড সপ্তম শ্রেণীর ক্রতপাঠ্য কবিতা-সংকলন



म्ना ° ७६ টाका